গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
(sadar.lakshmipur.gov.bd)

স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.১৮.০০৯.২০২২-৩৮ তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রি.।

## অনলাইনে জলমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা হতে ১০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জারিকৃত ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)৬৬২, নং স্মারকে উপজেলা থেকে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের নির্দেশনার প্রেক্ষিতে অনূর্ধ্ব ২০.০০ একর আয়তন বিশিষ্ট বদ্ধ জলমহাল ৩ বছর (১৪৩১ বাংলা সন হতে ১৪৩৩ বাংলা সন পর্যন্ত ) মেয়াদে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে অনলাইনে দরপত্র আহবান।

এতদ্বারা জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ এর আলোকে লক্ষ্মীপুর সদর উপজেলাধীন অনূর্ধ্ব ২০.০০ একর আয়তন বিশিষ্ট এ উপজেলার বদ্ধ জলমহাল আগামী ০৩ (তিন) বছর মেয়াদে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে নির্দিষ্ট ফরমে অনলাইনে **(এ ওয়েব সাইডে jm.lams.gov.bd)** আবেদন আহবান করা যাচ্ছে।

**অনলাইনে দরপত্রের সময়সূচী ও গৃহীত কার্যক্রম নিম্নরূপঃ**

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ২ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন মধ্যে | আবেদনকারী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়/ উপজেলা ভূমি অফিস হতে অফিস চলাচলকালে ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য মূল্যের আবেদন ফরম ক্রয়পূর্বক ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল। |
| ৩ | ০৩ ফাল্গুন এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | আবেদনকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সদর, লক্ষ্মীপুর এ দাখিল। |
| ৪ | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫ | ২৬ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল কমিটি সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬ | ১০ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, লক্ষ্মীপুর মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭ | ১৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯ | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**০৩ (তিন) বছর বাংলা মেয়াদে ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তালিকাঃ**

| ক্রঃ নং | জলমহালের নাম | মৌজা | দাগ নং | আয়তন একরে | বিগত ৩ বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারী ইজারামূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মজানদী খাল | ৪৭ নং মজানদী | ১নং খাস খতিয়ান ভূক্ত ৩৫০ দাগ | ২.২৫ ~~শতক~~ একর | ৩৫.৩৭০/- | ৩৭.১৩৯/- | ০৩ বছর |
| ২ | গোবিন্দ বদ্ধ জলাশয় | ২২৮নং গোবিন্দপুর মৌজা | ১নং খাস খতিয়ান ভূক্ত ৯৩৯ দাগ | ১.৩০ ~~শতক~~ একর | ২০.৫০০/- | ২১.৫২৫/- | ০৩ বছর |
| ৩ | জালিয়াকান্দি জলাশয় | ১৯৮ নং জালিয়াকান্দি | ১নং খাস খতিয়ান ভূক্ত৩৪,৩৮৪,৩৭৮, ৪০৯ দাগ | ১.৩০ ~~শতক~~ একর | ১৭.৯৮০/- | ১৮.৮৭৯/- | ০৩ বছর |

শর্তাবলি:

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ৩ (তিন) বৎসর মেয়াদ কালের জন্য জলমহাল ইজারা প্রদান করা হবে।

২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত ইজারা মূল্যের ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার সদর, লক্ষ্মীপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফ্‌ট অথবা পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে।

৩। আবেদনপত্রসমূহ উপজেলা জলমহাল কমিটির সভায় উপস্থাপন করা হবে। কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে বৈধ দরপত্র চূড়ান্ত করবেন।

৪। নিদিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আরো শর্ত থাকে যে, প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যারা সমাজ সেবা অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদনে অংশ গ্রহনের জন্য উপযুক্ত বিবেচিত হবেন। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজ সেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

৫। নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল কমিটির নিকট দাখিল করবেন।

৬। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এ উল্লিখিত সংজ্ঞা ও যোগ্যতা অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন / সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্যচাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সংগে দাখিল করবেন এবং সাথে বিগত ২(দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/ সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/ পরবর্তী, সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করতে হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

৯। মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বেও কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/ সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০। ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছর সমূহের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। অনুমোদিত দরদাতাকে ৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে ও জামানত বাজেয়াপ্ত করা হবে।

১২। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত জলাশয় অন্যের নিকট ইজারা বা বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবেন না যদি অনরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে বা পুনরায় জলাশয়টি ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ইজারা চুক্তি ইজারাদার কর্তৃক নিজ খরচে সম্পাদন করতে হবে। গৃহীত দরের সম্পূর্ণ টাকা জমা দেয়া ও চুক্তিনামা সম্পাদনের পর জলাশয়ের দখল অনুমোদিত দরপত্র দাতার অনুকূলে বুঝাইয়া দেয়া হবে।

১৪। তালিকায় প্রকাশিত কোন জলমহাল নিয়ে কারো কোন আপত্তি/মামলা নিয়ে নিষেধাজ্ঞা সংক্রান্ত আপত্তি থাকলে এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৯.০২.২০২৪খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সদর, লক্ষ্মীপুর বরাবর দাখিল করতে হবে।

১৫। উল্লেখ্য, বিজ্ঞপ্তির কোন শর্তাবলি সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(আরিফুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

স্মারক নং-৩১.৪২.৫১৪৩.০০২.১৬.০০১.২৩- ১০৮ তারিখঃ ১৮/০১/২০২৪ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

২। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, লক্ষ্মীপুর।

৫। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/ সমবায়ীদের মধ্যে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

৭। অফিসার ইনচার্জ, লক্ষ্মীপুর সদর থানা, লক্ষ্মীপুর।

৮। চেয়ারম্যান, ...............................................ইউনিয়ন পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .......................ইউনিয়ন ভূমি অফিস, সদর, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ঢোল সহরতের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক, দৈনিক.................... লক্ষ্মীপুর তাঁকে আগামী....................................তারিখের মধ্যে স্বল্প পরিসরে বিজ্ঞপ্তিটি একবার ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১। অফিস কপি।

১৮/০১/২০২৪

(মোঃ মকবুল হোসেন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।